''শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-২
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৫১.১৯.০০১.২০১৮-২৭২

তারিখঃ ১৮ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

**কারিগরি শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার কর্মকর্তাগণের বদলি/পদায়ন সংক্রান্ত নির্দেশনাঃ**

কারিগরি শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমের মানোন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি ও সার্বিক গতিশীলতা আনয়নের লক্ষ্যে কর্মরত অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার কর্মকর্তাগণের বদলি/পদায়নের বিষয়ে সরকারের বিদ্যমান নীতিমালা ও প্রক্রিয়ার আলোকে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

## ২.০ নির্দেশনার আওতাঃ

কারিগরি শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থায় কর্মরত অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার কর্মকর্তাদের অন-লাইনে আবেদনের পরিপ্রেক্ষিতে বদলি/পদায়নের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে।

## ৩.০ আবেদনের সময়সূচিঃ

কর্মরত অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার কর্মকর্তা নিম্নরূপ সময়সূচি অনুযায়ী বছরে ০৩ (তিন) বার বদলির জন্য অন-লাইনে আবেদন করতে পারবেনঃ

| ক্র: | পদবী | আবেদনের সময় | | |
|---|---|---|---|---|
| | | ১ম দফা | ২য় দফা | ৩য় দফা |
| ০১. | অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/সম পদমর্যাদার শিক্ষক/কর্মকর্তা | জুলাই | নভেম্বর | মার্চ |
| ০২. | চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার শিক্ষক/কর্মকর্তা | জানুয়ারি | মে | সেপ্টেম্বর |

## ৪.০ আবেদনের পদ্ধতি ও শর্তাবলিঃ

৪.১ অনুচ্ছেদ ৩.০ এর সিডিউল অনুযায়ী নির্ধারিত মাসের ১৫ তারিখের মধ্যে অনলাইনে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েব সাইট www.tmed.gov.bd এর নির্ধারিত লিংকে প্রবেশ করে বদলির আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের আগে বা পরে দাখিলকৃত আবেদন বা অন্য কোন উপায়ে প্রেরিত/পেশকৃত আবেদন কোনভাবেই বিবেচনা করা হবে না;

৪.২ আবেদনকারীকে অনলাইনে দাখিলকৃত আবেদনপত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা হবে;

৪.৩ ক) নবনিয়োগপ্রাপ্ত চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার শিক্ষকগণ চাকরি ০৩(তিন) বছর পূর্ণ হওয়ার পূর্বে বদলির জন্য আবেদন করতে পারবেন না;

খ) সদ্য যোগদানকৃত অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/সম পদমর্যাদার শিক্ষকগণ একই কর্মস্থলে ০২ (দুই) বছর পূর্ণ হওয়ার পূর্বে অন্যত্র বদলির জন্য আবেদন করতে পারবেন না;

৪.৪ স্বামী-স্ত্রী উভয়ে চাকরিজীবী হলে স্বামী বা স্ত্রীর নিকটতম কর্মস্থলে বদলি/পদায়নের জন্য আবেদন করা যাবে। তবে যেহেতু এধরনের শিক্ষক/কর্মকর্তার সংখ্যা অনেক, তাই বিষয়টি অধিকার হিসেবে গণ্য করা যাবে না। এক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষকের সুবিধা এবং নাগরিক সেবা প্রাপ্তির বিষয়টি বিবেচনায় নিয়ে সিদ্ধান্ত প্রদান করা হবে;

৪.৫ অবসর প্রস্তুতিমূলক ছুটিতে যাওয়ার এক বছর পূর্বে কোন শিক্ষক/কর্মকর্তা তার সুবিধামত স্থানে বদলির জন্য আবেদন করলে পদ শূন্য থাকা সাপেক্ষে অগ্রাধিকারের ভিত্তিতে উক্ত আবেদন বিবেচনা করা হবে;

৪.৬ অসম্পূর্ণ এবং সঙ্গতিহীন তথ্য সংবলিত আবেদন বিবেচনায় আনা হবে না;

৪.৭ উভয় শিক্ষক/কর্মকর্তার সুবিধা হয় এমন পারস্পরিক বদলির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উভয়ের সম্মতিতে আবেদন করলে বিবেচনা করা হবে;

৪.৮ কোন শিক্ষা প্রতিষ্ঠানে এক বিষয়ে একজন মাত্র শিক্ষক একাধারে ০৩ (তিন) বছর পূর্ণ হলেও বিকল্প শিক্ষক পদায়ন সাপেক্ষে তার বদলির বিষয়টি বিবেচ্য হবে।

৫.০ **আবেদন নিস্পত্তিঃ**

৫.১ নির্ধারিত মাসে নির্ধারিত পদধারীদের প্রাপ্ত আবেদনসমূহ যথাসম্ভব দ্রুততম সময়ের মধ্যেই নিস্পত্তি করা হবে;

৫.২ বদলির জন্য অন-লাইনে প্রাপ্ত আবেদনসমূহ এ লক্ষ্যে গঠিত কমিটি যাচাই-বাছাইপূর্বক সঠিকভাবে পেশকৃত আবেদনসমূহ বিবেচনা করে বদলি/পদায়নের সুপারিশ প্রণয়ন করবে;

৫.৩ সুপারিশ প্রণয়ন কমিটির প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বদলি/পদায়নের আদেশ জারি করা হবে;

৫.৪ উপজেলা/পার্বত্য জেলা/প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শূন্য পদে অগ্রাধিকারভিত্তিতে পদায়ন করা হবে।

৬.০ **বিবিধঃ**

৬.১ এই নির্দেশনায় যা কিছুই উল্লেখ থাকুক না কেন সরকার জনস্বার্থে যে কোন সময় যে কোন কর্মকর্তাকে যে কোন স্থানে বদলি করতে পারবে। তবে এ ক্ষেত্রে সরকারের বিদ্যমান বদলি নীতিমালা যথাসম্ভব অনুসরণ করতে হবে;

৬.২ সংযুক্তি/ওএসডি করার ক্ষমতা মন্ত্রণালয়/বিভাগ সংরক্ষণ করে;

৬.৩ প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের নির্দেশনা অনুসরণ করা হবে;

৬.৪ বদলির আবেদনের ক্ষেত্রে সরকারি চাকরি আইন-২০১৮ অনুযায়ী কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সুপারিশ বাঞ্চনীয় নয়;

৬.৫ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের প্রেষণাদেশ মঞ্জুরির ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেষণ সংক্রান্ত বিধি-বিধান যথাসম্ভব অনুসরণ করা হবে।

৭.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বদলি/পদায়ন সংক্রান্ত জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৫/০৯/২১

(মোঃ আব্দুর রহিম )
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৫৫৬
ইমেইল: ds_tec2@moedu.gov.bd

বিতরণঃ

০১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
০২। অধ্যক্ষ (সকল), ইঞ্জিনিয়ারিং কলেজ, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
০৩। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক ইনস্টিটিউট, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
০৪। অধ্যক্ষ, ভিটিআই, বগুড়া।
০৫। অধ্যক্ষ, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী।
০৬। অধ্যক্ষ (সকল) টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
০৭। অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক্স/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, কুমিল্লা।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (কারিগরি-১ অধিশাখা) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
০৪। যুগ্মসচিব (কারিগরি-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
০৬। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেম সচিবালয়, ঢাকা।
০৮। সচিবের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
০৯। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা ( বদলীর আবেদনের লিংক প্রস্তুত করে এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। অফিস কপি।